

# সমকাল

## প্রাথমিক পরীক্ষায় বহিক্ষার কেন অবৈধ নয়

৮ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষায় শিশুদের বহিক্ষার করা কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রূল জারি করেছেন হাইকোর্ট। পাশাপাশি চলতি বছরের পরীক্ষায় বহিক্ষার হওয়া ১৫ শিশুকে পুনরায় পরীক্ষা দেওয়ার সুযোগ কেন দেওয়া হবে না এবং বহিক্ষার-সংক্রান্ত প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা নির্দেশনাবলির ১১ নম্বর নির্দেশনা কেন অবৈধ হবে না, রূলে তাও জানতে চাওয়া হয়েছে।

বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মোস্তাফিজুর রহমান সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল বৃহস্পতিবার স্বতঃপ্রগোদ্ধিত হয়ে এই রূল জারি করেন। আগামী দুই সপ্তাহের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা একাডেমির মহাপরিচালক ও মান্দাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে এ রূলের জবাব দিতে বলা হয়েছে। 'পিইসি পরীক্ষায় শিশু বহিক্ষার কেন' শিরোনামে একটি জাতীয় দৈনিকে গত ১৯ নভেম্বর একটি প্রতিবেদন প্রকাশিত হয়। পরে ওই প্রতিবেদনটি আদালতের নজরে এনে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা চান সুপ্রিম কোর্টের আইনজীবী এ এম জামিটেল হক। গতকাল ওই প্রতিবেদন পর্যালোচনার পর রূল জারি করেন হাইকোর্ট। আগামী ১০ ডিসেম্বর এ বিষয়ে পরবর্তী আদেশের জন্য আদালতের কার্যতালিকায় আসবে।

গত রোববার শুরু হওয়া প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় 'অসাধু পত্র' অবলম্বন করার অভিযোগে দেশের বিভিন্ন স্থানে মোট ১৫ শিশুকে বহিক্ষার করা হয়েছে। তবে শিক্ষাবিদ, মনোবিজ্ঞানী, শিক্ষক এমনকি অভিভাবকরা বলছেন, কোমলমতি শিশুদের এ ধরনের বহিক্ষার তাদের ওপর এক ধরনের মানসিক নির্যাতন।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাণ সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫২৯৯৭ (অনলাইন) | ইমেইল: ad.samakalonline@outlook.com

